

জগন্নাথ বিশ্ববিদ্যালয়



পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

প্রাপক,
সকল

চেয়ারম্যান/ইনস্টিটিউট পরিচালক/সভাপতি, পরীক্ষা কমিটি অনার্স/মাস্টার্স জবি।

বিষয়: অনার্স এবং মাস্টার্স এর চূড়ান্ত ফলাফল প্রকাশ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম, আশা করি আপনারা এই মহামারী দুর্যোগ এর সময় আল্লাহ রহমতে ভালো আছেন। আমিও দুয়া করি আপনারা ভালো ও সুস্থ থাকবেন। সরকার ইতিমধ্যে জীবন জীবিকার বিবেচনায় সীমিত আকারে অফিস আদালত খুলেছে। তার ধারাবাহিকতায় জবির কতৃপক্ষ মাননীয় উপাচার্য এর নির্দেশে স্বাস্থ্য বিধি মেনে কিছু কিছু কাজ চলছে। অতএব আপনাদের নিকট যদি অনার্স এবং মাস্টার্স পরীক্ষার ফলাফল অপ্রকাশিত অবস্থায় থেকে থাকে তাহা ছাত্র ছাত্রীদের স্বার্থে সরকারের স্বাস্থ্যবিধি মেনে যদি সম্ভব হয় ফলাফল প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। তবে আপনাদের সম্মতি পাওয়া গেলে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস সীমিত আকারে স্বাস্থ্য বিধি মেনে খোলার ব্যবস্থা গ্রহণ করবে।

উপাচার্য মহোদয় এর,
আদেশক্রমে

(এ. কে. এম. আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক, জবি.